

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৯. ৮. ৩. ১. নিজের প্রভু ইসরাইলের রাজাকে হত্যা

ঈশ্বরের পক্ষ থেকে রাজপদে অভিষিক্ত হয়েই ঈশ্বরের দেওয়া হত্যাযজ্ঞের দায়িত্ব পালন শুরু করলেন যেহু। “তারপর যিহোশাফটের ছেলে, অর্থাৎ নিম্শির নাতি যেহু যোরামের বিরুদ্ধে ষড়যন্ত্র করলেন।” (২ বাদশাহনামা ৯/১৪)

তিনি যুদ্ধের সংবাদ প্রদানের জন্য দেখা করার ছলে তার মালিক বাদশাহ যোরামের কাছে গমন করে তাকে হত্যা করলেন: “যেহুকে দেখিবামাত্র যোরাম কহিলেন, যেহু, মঙ্গল তো? তিনি উত্তর করিলেন, যে পর্যন্ত তোমার মাতা ঈষেবলের এত ব্যভিচার ও মায়াবিত্ব থাকে, সে পর্যন্ত মঙ্গল কোথায়? (What peace, so long as the whoredoms of thy mother Jezebel and her witchcrafts are so many?)[1] এই কথা শুনে যোরাম ঘুরে পালাবার সময় অহসিয়কে ডেকে বললেন, ‘অহসিয়, এ বেঈমানী।’ তখন যেহু সমস্ত শক্তি দিয়ে নিজের ধনুকে টান দিয়ে যোরামের দুই কাঁধের মাঝখানে তীর ছুড়লেন। তীর গিয়ে তার হৃদপিণ্ড বিঁধল এবং তিনি রথের মধ্যে পড়ে গেলেন। তখন যেহু তাঁর সংগের সেনাপতি বিদকরকে বললেন, ‘ওকে তুলে নিয়ে যিহ্রিয়েলীয় নাবোতের জমিতে ফেলে দাও।...’ (২ বাদশাহনামা ৯/২২-২৬)

ফুটনোট

[1] ইংরেজি whore অর্থ বেশ্যা ও whoredom অর্থ বেশ্যাগিরি। বাংলা কিতুবুল মোকাদ্দসে ‘whoredom’ শব্দটার অর্থ পরিবর্তন করে প্রতিমাপূজা লেখা হয়েছে: “আপনার মা ঈষেবলের প্রতিমাপূজা ও যাদুবিদ্যার কাজ যখন এত বেশী করে চলছে তখন আমার আসবার উদ্দেশ্য কেমন করে ভাল হতে পারে?”

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14643>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন